গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রংপুর সরকারি সিটি কলেজ, রংপুর

বিজ্ঞপ্তি নং-১৪৭ তারিখ : ৩১/০৮/২০২৫ খ্রি.

## একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত কলেজভিত্তিক চূড়ান্ত তালিকা অনুযায়ী অত্র কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে **কলেজ ওয়েবসাইট rgccr.college.gov.bd অথবা www.rgccr.gov.bd তে প্রবেশ করে ভর্তি ফরম পূরণ করে ও নির্ধারিত ফি অনলাইনে প্রদানের পর পূরণকৃত আবেদন এর কপি এবং নিম্নে উল্লিখিত ডকুমেন্টসহ কলেজে জমা প্রদানপূর্বক ভর্তি সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।**

১। ভর্তির তারিখ : ০৭ সেপ্টেম্বর, ২০২৫ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত)।

২। ভর্তির সময় : প্রতিদিন সকাল ১০.০০ টা হতে বেলা ১.৩০ টা পর্যন্ত।

৩। প্রয়োজনীয় কাগজপত্র (ভর্তি ফরম এর সাথে যা সংযুক্ত করতে হবে)।

ক) অনলাইনে প্রাপ্ত ভর্তি ফরম কলেজে অবশ্যই জমা দিতে হবে;

খ) এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/মূল রেজিস্ট্রেশন কার্ড ও ফটোকপি-১ কপি;

গ) প্রশংসাপত্র ও প্রবেশপত্রের মূল এবং ফটোকপি-১কপি করে;

ঘ) শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি-১ কপি (অবশ্যই জন্মসনদ সংখ্যা ১৭ ডিজিটের ও অনলাইন হতে হবে);

ঙ) পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি- ০৪ (চার) কপি;

চ) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১ কপি (১০ অথবা ১৭ ডিজিট);

ছ) পিতা-মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১ কপি (১০ অথবা ১৭ ডিজিট);

জ) শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল নগদ মোবাইল ব্যাংকিং(যে নগদ নম্বরটি প্রদান করবে তা অন্য কেহ ব্যবহার করতে পারবে না, কেবলমাত্র একজন শিক্ষার্থী ব্যবহার করতে পারবে);

ঝ) কোটায় সুযোগপ্রাপ্ত প্রার্থীকে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি দাখিল করতে হবে ও মূল কপি প্রদর্শন করতে হবে;

ঞ) শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর অবশ্যই সচল হতে হবে। পরবর্তীতে এই নম্বরে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য SMS প্রেরণ করা হবে।

৪। ভর্তি ফি'র হিসাব বিবরণী :-

| ক্রমিক নং | বিভাগ | ছাত্র | ছাত্রী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞান বিভাগ | ২৯২৯.০০ | ২৬৮৯.০০ | অনলাইন চার্জ প্রযোজ্য |
| ২. | মানবিক বিভাগ | ২৮০৯.০০ | ২৫৬৯.০০ | |
| ৩. | ব্যবসায় শিক্ষা বিভাগ | ২৭৬৯.০০ | ২৫২৯.০০ | |

**বিশেষ দ্রষ্টব্য:**

১। পাঠ বিরতি ফি (যারা ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে) ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

২। পাঠপরিকল্পনা, টাই, সোল্ডার ও ব্যাজ নির্দিষ্ট মূল্যে অফিস থেকে সংগ্রহ করতে হবে।

(প্রফেসর মো: বোরহান উদ্দীন-০৯০৪৮)
অধ্যক্ষ
রংপুর সরকারি সিটি কলেজ, রংপুর

প্রফেসর মো: বোরহান উদ্দীন-০৯০...
অধ্যক্ষ
রংপুর সরকারি সিটি কলেজ, র...